

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২৮, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন প্রশাসন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ আশ্বিন ১৪২৮/২৮ সেপ্টেম্বর ২০২১

নং ১৭.০০.২৬৩৮.০৩৫.৪৬.০০৮.১৮-৫৩৩।—বিজ্ঞ নির্বাচনি আপিল ট্রাইবুনাল, ঢাকা এবং  
অতিরিক্ত জেলা ও দায়রা জজ ১ম আদালত, ঢাকা এ নির্বাচনি আপিল মামলা নং ০১/২০২০ এর ২০  
জানুয়ারি ২০২১ তারিখের প্রদত্ত আদেশে নির্বাচনি আপিলটি নামঙ্গল করে নির্বাচনি ট্রাইবুনাল  
মোকদ্দমা নং ০১/২০১৭ এর ২৮ অক্টোবর ২০১৯ তারিখের রায় ও আদেশকে বহাল ও সুদৃঢ় রাখায়  
নির্বাচন ট্রাইবুনাল রায় অনুযায়ী ঢাকা জেলার কেরাণীগঞ্জ উপজেলাধীন তারানগর ইউনিয়ন পরিষদের  
০৮নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে ৩১ মার্চ ২০১৬ তারিখে অনুষ্ঠিত প্রতিদ্বন্দ্বিতা প্রার্থী হিসেবে  
বিজয়ী ঘোষণা করা অবৈধ এবং উক্ত নির্বাচনের ফলাফল বাতিল করে পুনরায় নির্বাচন অনুষ্ঠানের  
আইনগত বাধ্যবাধকতা থাকায় ঢাকা জেলার কেরাণীগঞ্জ উপজেলাধীন তারানগর ইউনিয়ন পরিষদের  
০৮নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচন কমিশন এতদ্বারা গত ২১ এপ্রিল ২০১৬ তারিখে  
বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ৫০৮৮নং পৃষ্ঠায় প্রকাশিত ১নং কলামে বর্ণিত ‘তারানগর’ এর  
বিপরীতে ২নং কলামে বর্ণিত ‘মোঃ সাদেকুর রহমান, পিতা-মৃত চিনু মিয়া, গ্রাম-কলমারচর’,  
৪নং কলামে বর্ণিত ‘৮নং ওয়ার্ড’ ও ৫নং কলামে বর্ণিত ‘সাধারণ আসনের সদস্য’ শব্দ ও চিহ্নসমূহ  
বিলুপ্ত করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান  
উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(১৪৩৬৯)

মূল্য : টাকা ৮.০০